



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

নিয়োগ বিজ্ঞপ্তি



সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/এ-২১৭/এ-২৪৬/এ-২৫২/এ-২৬৮/৩৩৬

তারিখঃ ২৮ মার্চ ১৪৩০
১১ ফেব্রুয়ারি ২০২৪

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোল্লিখিত পদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্র. ইং	বিভাগের নাম	অনুষদের নাম	পদের নাম ও সংখ্যা
০১.	ইংরেজি বিভাগ	কলা অনুষদ	সহযোগী অধ্যাপক ০১টি (স্থায়ী)
০২.	হিসাববিজ্ঞান বিভাগ	বিজনেস স্টাডিজ অনুষদ	সহযোগী অধ্যাপক ০২টি (স্থায়ী)
০৩.	ব্যবস্থাপনা বিভাগ	বিজনেস স্টাডিজ অনুষদ	সহযোগী অধ্যাপক (অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এবং লিডারশীপ) ০২টি (স্থায়ী)
০৪.	পরিসংখ্যান বিভাগ	বিজ্ঞান অনুষদ	সহকারী অধ্যাপক ০২টি (স্থায়ী), সহযোগী অধ্যাপক ০১টি (স্থায়ী)

বেতন স্কেল:

সহকারী অধ্যাপক- ৩৫৫০০-৬৭০১০/-;

সহযোগী অধ্যাপক- টাকা ৫০০০০-৭১২০০/-;

আবেদনের শর্তাবলীঃ

- * উপরোক্ত পদের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- * অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- * “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২” এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- * বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।
- * চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- * আগামী ০৬/০৩/২০২৪ তারিখের মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- * বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
- * আবেদনে স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বরে সাক্ষাতকারের বিষয়টি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- * অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- * কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- * এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
- * নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ড. মোহাঃ তৌহিদুল ইসলাম

রেজিস্ট্রার, মাভাবিপ্রবি।

ফোনঃ ০৯২১-৬২৪০১